

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাচনি অনুসন্ধান কমিটি ও সদর সিনিয়র সহকারী জজ, আদালতের কার্যালয়  
রাজশাহী

স্মারক নং- ০১ (নির্বাচনি)/২০২৩

তারিখ: ০৭/১২/২০২৩ খ্রিঃ


প্রেরক: মোঃ সফাতুল্লাহ  
সদর সিনিয়র সহকারী জজ, রাজশাহী  
ও  
চেয়ারম্যান,  
নির্বাচনি অনুসন্ধান কমিটি  
রাজশাহী-৬ (চারঘাট ও বাঘা)  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

প্রাপক: জনাব মোঃ শাহরিয়ার আলম  
বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত জাতীয় সংসদ পদপ্রার্থী  
রাজশাহী-০৬ (চারঘাট ও বাঘা)  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

বিষয়: জাতীয় সংসদ নির্বাচনি আচরণ বিধি লঙ্ঘন করায় কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, বিভিন্ন ইলেকট্রনিক, প্রিন্ট ও সোশ্যাল মিডিয়া এবং ভুক্তভোগীর লিখিত অভিযোগের মাধ্যমে অত্র নির্বাচনি অনুসন্ধান কমিটির নিকট গোচরীভূত হয়েছে যে, আপনি গত ০২/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার রাতে নির্বাচনি আচরণ বিধি লঙ্ঘন করে প্রতিক বরাদ্দ করার আগেই চারঘাটের ফরহাদ আলাউদ্দীন সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে জনসভা করেন এবং উক্ত জনসভায় আপনি রাজশাহী জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও পাকুড়িয়া ইউপি চেয়ারম্যান এবং রাজশাহী-৬ আসনের স্বতন্ত্র প্রার্থী ও সাবেক সংসদ সদস্য আওয়ামী লীগ নেতা রাহেলুল হকের কর্মী ও সমর্থক মো. মেরাজুল ইসলামকে জনসমক্ষে 'কুলাঙ্গার' বলে অপবাদসহ বিভিন্ন উসকানিমূলক বক্তব্য দেন এবং আপনি ১৭ ডিসেম্বরের পর তাকে দেখে নেওয়ারসহ প্রাণনাশের হুমকি দিয়েছেন। আপনার উক্ত আচরণের মাধ্যমে আপনি জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৬(গ) ও বিধি ১১(ক) এবং বিধি ১২ লঙ্ঘন করেছেন যা নির্বাচন-পূর্ব অনিয়ম হিসেবে গণ্য হয়।

এমতাবস্থায়, সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮-এর বিধি ৬(গ) ও বিধি ১১(ক) এবং বিধি ১২ লঙ্ঘনের দায়ে আপনার বিরুদ্ধে কেন নির্বাচন কমিশনে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে না তৎক্ষণে আগামী রবিবার ১০/১২/২০২৩ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে স্ব-শরীরে হাজির হয়ে অথবা প্রতিনিধির মাধ্যমে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(মোঃ সফাতুল্লাহ)

সদর সিনিয়র সহকারী জজ  
রাজশাহী  
ও  
চেয়ারম্যান  
নির্বাচনি অনুসন্ধান কমিটি  
রাজশাহী-০৬ (চারঘাট ও বাঘা)  
দ্বাদশ জাতীয় সংসদ।  
তারিখ: ০৭/১২/২০২৩ খ্রিঃ

স্মারক নং-০১ (০৪)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা।
- ২। উপ-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৪। অফিস কপি।

(মোঃ সফাতুল্লাহ)  
সদর সিনিয়র সহকারী জজ  
রাজশাহী  
ও  
চেয়ারম্যান  
নির্বাচনি অনুসন্ধান কমিটি  
রাজশাহী-০৬ (চারঘাট ও বাঘা)  
দ্বাদশ জাতীয় সংসদ।